নিবরাস ইসলামিক রিসার্চ ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত

# আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ

## (মারকাজী দারুল উলুম)

## ডাঙ্গীপাড়া, পবা, রাজশাহী

# প্রস্পেক্টাস ২০২৬



**সম্মানিত সুধী!** আমরা মনে করি, মুসলিম জাতিকে উদ্ধার করতে পারে একমাত্র দ্বীনী শিক্ষা। কেননা আধুনিক শিক্ষা দুনিয়ায় সমৃদ্ধি আনয়ন করলেও সুখ ও শান্তি সেখানে থাকে সম্পূর্ণ অনুপস্থিত। পক্ষান্তরে, দ্বীনী শিক্ষা একজন মানুষের দুনিয়া ও পরকাল উভয় জীবনকে করে তোলে সমৃদ্ধশালী। মানুষের শারীরিক চিকিৎসার জন্য যেমন ডাক্তারের প্রয়োজন হয়, তেমনি অপরাধপ্রবণ বস্তুবাদী মানুষগুলোর আত্মার সুস্থতার জন্য প্রয়োজন ধর্মীয় ডাক্তারের। আধুনিক শিক্ষার ফল সাময়িক ও অনেক ক্ষেত্রে তা মিথ্যার উপর প্রতিষ্ঠিত। পক্ষান্তরে দ্বীনী শিক্ষার ফলাফল স্থায়ী ও সত্যের উপর প্রতিষ্ঠিত, যা দুনিয়া ও আখেরাতে কল্যাণ বয়ে আনে। অতএব সমাজে শান্তির জন্য দ্বীনী শিক্ষার কোনো বিকল্প নেই। ধর্মীয় বা দ্বীনী শিক্ষাই হচ্ছে আসল শিক্ষা।

সুতরাং এদেশে প্রয়োজন এমন শিক্ষা প্রতিষ্ঠান, যা সাড়ে চৌদ্দশত বছর পূর্বের শিরক-বিদ‘আত মুক্ত ইসলামকে সমাজে প্রতিষ্ঠা করবে। যে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা হবে সত্য ও ন্যায়ের উজ্জ্বল নক্ষত্র। পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আদর্শে উজ্জীবিত দুর্জয় কাণ্ডারী। সালাফে-ছালেহীনের আদর্শের ধারক-বাহক এবং ইসলামের বিশুদ্ধ আক্বীদা রক্ষার অতন্দ্রপ্রহরী। তারা মানুষের কল্যাণে নিজের জীবনকে উৎসর্গ করবে। কথা, কলম ও মিডিয়ার মাধ্যমে ইসলামের খেদমতে ভূমিকা রাখবে। তারা আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে ইসলামের জন্য ব্যবহারে কৌশলী হবে এবং ইসলাম বিদ্বেষীদের অপব্যাখ্যার উপযুক্ত জবাবদানে সক্ষম হবে।

তাই শায়খ **আব্দুর রাযযাক বিন ইউসুফ** এরকমই প্রতিষ্ঠানের স্বপ্ন নিয়ে ২০১৩ সালের ২৪ আগস্ট হাটাব, বীরহাটাব-বিরাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জে; ২০১৬ সালের ১৭ ফেব্রুয়ারি ডাঙ্গীপাড়া, পবা, শাহমখদুম, রাজশাহীতে; গোরাচাঁদ দাস রোড, ওয়ার্ড-১৬, বরিশালে এবং ২০২২ সালের ০৩ এপ্রিল তেঘরা, বিরল, দিনাজপুরে যুগোপযোগী মানসম্মত ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে **‘আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ’** নামে বালক ও বালিকার জন্য পৃথক পৃথক শাখাবিশিষ্ট চারটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। ফালিল্লাহিল হামদ।

## ২০২৬ সালের ভর্তি/সেশন/বেতন/আবাসিক ফি কাঠামো (রাজশাহী)

| ভর্তি সংক্রান্ত খরচ | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র. | বিবরণ | নূরানী (১ম ও ২য় শ্রেণি) | | ৩য় শ্রেণি থেকে দাওরা (স্নাতক) শেষবর্ষ | |
| | | নতুন শিক্ষার্থী | পুরাতন শিক্ষার্থী | নতুন শিক্ষার্থী | পুরাতন শিক্ষার্থী |
| ১ | ভর্তি ফি | ৬,০০০/- | ৩,৫০০/- | ৫,০০০/- | ৩,০০০/- |
| ২ | ইছলাহুল বায়ান/ক্রীড়া ও সাংস্কৃতিক ফি | ২০০/- | ২০০/- | ২০০/- | ২০০/- |
| ৩ | ম্যাগাজিন ফি | ৩০০/- | ৩০০/- | ৩০০/- | ৩০০/- |
| ৪ | আইডি কার্ড | ২০০/- | - | ২০০/- | - |
| ৫ | স্টুডেন্ট অ্যাফেয়ার্স | ২০০/- | ২০০/- | ২০০/- | ২০০/- |
| ৬ | বিবিধ | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| | **মোট** | **৭,০০০/-** | **৪,৩০০/-** | **৬,০০০/-** | **৩,৮০০/-** |

| প্রতি মাসের খরচ (বোর্ডিং ফি+ মাসিক বেতন) | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্র. | বিবরণ | নূরানী (১ম ও ২য় শ্রেণি) | | ৩য় শ্রেণি থেকে দাওরা (স্নাতক) শেষবর্ষ | |
| | | আবাসিক | অনাবাসিক | আবাসিক | অনাবাসিক |
| ১ | মাসিক বেতন (সাধারণ) | ১৩০০/- | ১৩০০/- | ৮০০/- | ৮০০/- |
| ২ | বোর্ডিং ফি | ২,৩০০/- | -- | ২,৩০০/- | -- |
| ৩ | ব্যবস্থাপনা ফি | ৪০০/- | -- | ৪০০/- | -- |
| | **প্রতি মাসের মোট প্রদেয়** | ৪,০০০/- | ১,৩০০/- | ৩,৫০০/- | ৮০০/- |

| বছরের শুরুতে সর্বমোট প্রদেয় | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নূরানী (১ম ও ২য় শ্রেণি) | | | | ৩য় শ্রেণি থেকে দাওরা (স্নাতক) শেষবর্ষ | | | |
| নতুন শিক্ষার্থী | | পুরাতন শিক্ষার্থী | | নতুন শিক্ষার্থী | | পুরাতন শিক্ষার্থী | |
| আবাসিক | অনাবাসিক | আবাসিক | অনাবাসিক | আবাসিক | অনাবাসিক | আবাসিক | অনাবাসিক |
| **১১,০০০/-** | **৮,৩০০/-** | **৮,৩০০/-** | **৫,৬০০/-** | **৯,৫০০/-** | **৬,৮০০/-** | **৭,৩০০/-** | **৪,৬০০/-** |

বি.দ্র. এই কাঠামো ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য।

### অনুদান প্রেরণের হিসাব নম্বর সমূহ

**আবাসিক ও একাডেমিক ভবন নির্মাণ, জমি ক্রয়, শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য**

আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ জেনারেল ফান্ড
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, রাজশাহী শাখা।
হিসাব নং- ২০৫০১১৩০২০৪৩৬৭৭০১
বিকাশ নং- ০১৭১৭-০৮৮৯৬৭ (পারসোনাল)

**দুস্থ ও ইয়াতীম কল্যাণ কার্যক্রমের জন্য**

নিবরাস ইয়াতিম কল্যাণ ফান্ড
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, রাজশাহী শাখা।
হিসাব নং- ২০৫০১১৩০২০৪৩৬৭৬০০
নগদ নং- ০১৪০৭-০২১৮০০ (পারসোনাল)
রকেট নং- ০১৭৮৪-২১৩১৭৮-৫ (পারসোনাল)

**যাকাতের জন্য**

আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ যাকাত ফান্ড
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, রাজশাহী শাখা।
হিসাব নং- ২০৫০১১৩০২০৪৩৬৭৪১৭
বিকাশ নং- ০১৭৭৩-৯২৫২৩৫ (পারসোনাল)

আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ
মারকাজী দারুল উলুম
ডাঙ্গীপাড়া, পবা, রাজশাহী
০১৪০৭-০২১৮২২
jamiahraj.edu@gmail.com

## লক্ষ্য ও উদ্দেশ্য

1. কুরআন মাজীদ ও ছহীহ হাদীছের জ্ঞানার্জন এবং তদনুযায়ী আমলের মাধ্যমে ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তি লাভ।
2. সালাফে ছালেহীনের মাসলাক অনুসারে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের সঠিক ব্যাখ্যা প্রদান।
3. ইসলামের নির্ভেজাল রূপ জনগণের সামনে তুলে ধরা এবং ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের যথাযথ জবাবদানের জন্য আল্লাহভীরু যোগ্য আলেম, লেখক, গবেষক, অনুবাদক, দাঈ ও বাগ্মী তৈরি করা।
4. সমাজ ও রাষ্ট্র পরিচালনার জন্য এবং সকল অবস্থায় মুসলিম জাতিকে সঠিক দিক-নির্দেশনা দানের জন্য উপযুক্ত নেতৃত্ব তৈরি করা।
5. মুসলিমদের মধ্যকার বিশেষ করে বিভিন্ন ইসলামী সংগঠনের মাঝে ইখতিলাফ ও ইফতিরাক দূর করা। এক কথায় 'ইত্তিহাদে উম্মাহ' তথা মুসলিম ঐক্যের প্রচেষ্টা চালানো।

### প্রতিষ্ঠানটির অবস্থান

রাজশাহী মহানগরীর নওদাপাড়া (আমচত্বর) থেকে উত্তরে ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল অতিক্রম করে পূর্ব দিকে উমরপুরের রাস্তা ধরে প্রায় ১.৫ কিমি দূরে, অথবা নওদাপাড়া থেকে ১ কিমি উত্তরে ভুগরইল মোড় এবং সেখান থেকে ১.৫ কিমি পূর্বদিকে ডাঙ্গীপাড়া গ্রামে—মনোরম প্রাকৃতিক পরিবেশে অবস্থিত আমাদের প্রতিষ্ঠান।




### জামি'আহ-র শিক্ষা কোর্স

| ক্র. | স্তর | বছর সংখ্যা |
|---|---|---|
| ১ | রওযা (নূরানী ১ম-২য়) | ২ বছর |
| ২ | ইবতেদায়ী (৩য়-৫ম) | ৩ বছর |
| ৩ | মুতাওয়াসসিতা (৬ষ্ঠ-৮ম) | ৩ বছর |
| ৪ | ছানাবিয়্যা (৯ম-১০ম) | ২ বছর |
| ৫ | আলেমিয়্যা (একাদশ-দ্বাদশ) | ২ বছর |
| ৬ | ফাযীলা/দাওরা (স্নাতক) | ৩ বছর |
| | সর্বমোট | ১৫ বছর |

## বৈশিষ্ট্যসমূহ

১. দেশি-বিদেশি প্রতিষ্ঠানসমূহের উন্নত সিলেবাসের সমন্বয়ে প্রণীত নির্ধারিত নিজস্ব সিলেবাসের আলোকে পাঠদান।

২. দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উচ্চ ডিগ্রিপ্রাপ্ত দক্ষ, অভিজ্ঞ, প্রাজ্ঞ, পরিশ্রমী ও নিবেদিতপ্রাণ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত।

৩. মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সৌদি আরব-এর মু'আদালাভুক্ত স্বীকৃত প্রতিষ্ঠান।

৪. সৌদি আরব ও ভারতসহ বিভিন্ন দেশের অভিজ্ঞ আলেম-ওলামার তত্ত্বাবধানে পাঠদান।

৫. স্মার্ট ক্লাসরুম ও মাল্টিমিডিয়াভিত্তিক আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষাব্যবস্থা

৬. কুরআন ও হাদীছের উপর গভীর জ্ঞান অর্জনের পাশাপাশি আরবী ও ইংরেজি ভাষার পূর্ণ দক্ষতা অর্জনের সুযোগ।

৭. নির্দিষ্ট ক্লাসে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা।

৮. আরবী, বাংলা, ইংরেজি ও বিভিন্ন ভাষার বই সমৃদ্ধ লাইব্রেরি।

৯. ক্লাস পরবর্তী কোচিং-এর বিকল্প হিসাবে আবাসিক শিক্ষকমণ্ডলী কর্তৃক শিক্ষার্থীদের লেখাপড়ার সার্বক্ষণিক তদারকীর সুব্যবস্থা। অমনোযোগী ও দুর্বল শিক্ষার্থীদের জন্য বিশেষ তত্ত্বাবধান।

১০. সুপ্ত মেধা বিকাশের জন্য 'কো-কারিকুলাম' কার্যক্রম পরিচালনা।

১১. আরবী, বাংলা ও ইংরেজিতে কথোপকথন ও বক্তৃতাদানের দক্ষতা অর্জনের জন্য পৃথক প্রশিক্ষণ তথা সাপ্তাহিক ইসলাহুল বায়ানের ব্যবস্থা।

১২. আবাসিক হল সর্বদা শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে সুনিয়ন্ত্রিত।

১৩. স্বাস্থ্যসম্মত মনোরম প্রাকৃতিক পরিবেশে শরীরচর্চার জন্য উন্মুক্ত খেলার মাঠ।

১৪. প্রচলিত রাজনীতি ও সন্ত্রাসমুক্ত নিরাপদ পরিবেশ।

১৫. প্রাথমিক চিকিৎসার সুব্যবস্থা।

১৬. সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা।

### রওযা বিভাগের জন্য বিশেষ সুবিধা

- সার্বক্ষণিক শিক্ষক তদারকি
- প্রতিটি বিষয়ে আলাদা অভিজ্ঞ শিক্ষক

## ভর্তির ধারাবাহিক প্রক্রিয়া

**ভর্তির জন্য আবেদন (অনলাইনে)**
০১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত।

**ভর্তি পরীক্ষা (মৌখিক ও লিখিত)**
১ জানুয়ারি, ২০২৬
(সকাল ০৯ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত)।

**ভর্তি পরীক্ষার ফলাফল**
১ জানুয়ারি, ২০২৬ (বিকাল ০৫ টা)।

**ভর্তি (পুরাতন)**
২২ ডিসেম্বর থেকে ২৮ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত।

**ভর্তি (নতুন)**
২ জানুয়ারি, ২০২৬ থেকে ৫ জানুয়ারি, ২০২৬।

**ক্লাস শুরু**
৭ জানুয়ারি, ২০২৬।

## ভর্তি পরীক্ষা বিষয়ক নির্দেশিকা

- ১৫ বছরের নিচে যেকোনো ছাত্র সাবলীলভাবে কুরআন তেলাওয়াত করতে না পারলে অবশ্যই মা'হাদ পড়া বাধ্যতামূলক।
- ভর্তি পরীক্ষা লিখিত ও মৌখিক হবে। মৌখিক পরীক্ষার সময় অভিভাবককে শিক্ষার্থীর সাথে উপস্থিত থাকতে হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মেধা তালিকার ভিত্তিতে ভর্তি করা হবে।
- যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক, তার পূর্বের শ্রেণির পাঠ্যবই থেকে পরীক্ষা নেওয়া হবে।
- আরবী বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের উপর পরীক্ষা নেওয়া হবে।
- হিফযের ক্ষেত্রে : কুরআন মাজীদ ও তাজবীদ হতে জিজ্ঞাসা করা হবে।
- ভর্তির উপযুক্ততা (আবাসিক) : বয়স কমপক্ষে ৯ বছর। [নিজের কাজকর্ম (যেমন : খাওয়া-দাওয়া, প্রস্রাব-পায়খানা, বিছানাপত্র গোছানো ইত্যাদি) নিজে করতে পারে এমন ছেলে-মেয়ে ভর্তি হতে পারবে।]

## ভর্তি আবেদন

**www.jamiah.nirf.org.bd** এই ওয়েবসাইটে গিয়ে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সকল নিয়ম উপরোক্ত ওয়েবসাইটে দেওয়া আছে।

**অনলাইনে আবেদন ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা)**

### • বিশেষ কোর্স •

**মা'হাদ কোর্স :**

১। **মা'হাদ-১ম :** স্কুল-কলেজ থেকে আগত চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে ভর্তিচ্ছু যে সমস্ত ছাত্র সাবলীলভাবে **আরবী** পড়তে পারে না, তাদের জন্য সম্পূর্ণ আলাদা সিলেবাসে বিশেষ কোর্সের ব্যবস্থা আছে। উক্ত কোর্স শেষে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে তারা চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে পড়তে পারবে।

২। **মা'হাদ-২য় :** স্কুল-কলেজ ও আলিয়া মাদরাসা থেকে এস.এস.সি/দাখিল, এইচ.এস.সি/আলিম পাস করা যে সকল ছাত্র ছানাবিয়্যাতে ভর্তি হতে ইচ্ছুক কিন্তু **আরবী** ব্যাকরণে দুর্বল, তাদের জন্য সম্পূর্ণ আলাদা সিলেবাসে বিশেষ কোর্সের ব্যবস্থা আছে। উক্ত কোর্স শেষে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে তারা ছানাবিয়্যা ১ম বর্ষে পড়তে পারবে।